

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার  
সদর দপ্তর  
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।  
website: www.betar.gov.bd

নং ১৫.৫৩.০০০০.০১২.৩১.৮৩৮.১৭- ৬৮১

তারিখ : ৩১/০১/১৮


সচিব  
তথ্য মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।

বিষয় : জনাব মোঃ জাহাঙ্গীর, উপ-আঞ্চলিক প্রকৌশলী(অবসর প্রাপ্ত), বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকার অবশিষ্ট অবসর  
ভাতা ও আনুতোষিক মঞ্জুরীর আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোঃ জাহাঙ্গীর, উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা-কে তথ্য মন্ত্রণালয়ের ০৪-০২-২০১৬ খ্রিঃ তারিখের ১৫.০০.০০০০.০২১.১৮.৮৫৩.১২.৪১(৬) নম্বর প্রজ্ঞাপন মোতাবেক ১৫-০১-২০১৬ খ্রিঃ তারিখ হতে ১৪-০১-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হয়(কপি সংযুক্ত)। তিনি ১৫-০১-২০১৭ খ্রিঃ তারিখে সরকারি চাকরি হতে চূড়ান্ত ভাবে অবসর গ্রহণ করেন। জনাব মোঃ জাহাঙ্গীর অবসর গ্রহণের পর সরকারের অনুমতিক্রমে অতিরিক্ত সময় সরকারি বাসায় অবস্থানের কারণে প্রাপ্য আনুতোষিকের ৮০% ভাগ গ্রহণ করেন। তার শেষ মূল বেতন ৩৭,২৮০/- (সাতত্রিশ হাজার দুইশত আশি) টাকা মাত্র হিসাবে আনুতোষিক বাবদ ৩৮,৫৮,৪৮০/- (আটত্রিশ লক্ষ আটান্ন হাজার চারশত আশি) টাকা প্রাপ্য। সরকারি বাসায় অবস্থানের কারণে ইতোপূর্বে তাকে আনুতোষিকের ৮০% ভাগ ৩০,৮৬,৭৮৪/- (ত্রিশ লক্ষ ছিয়াশি হাজার সাতশত চুরাশি) টাকা মঞ্জুর করা হয় (কপি সংযুক্ত)। তিনি মন্ত্রণালয় হতে প্রদত্ত সরকারি বাসা ব্যবহারের 'চূড়ান্ত না-দাবী' সনদপত্র প্রদান করেন। বর্তমানে তিনি সরকারি বাসা হস্তান্তর করে প্রাপ্য আনুতোষিকের অবশিষ্ট ২০% ভাগ ৭,৭১,৬৯৬/- টাকা হতে সরকারি পাওনা (বাড়ি ভাড়া, গ্যাস বিল, পানির বিল, পয়ঃকর ইত্যাদি) বাবদ ২২,৬১৬.২৫ টাকা কর্তন করে (৭,৭১৬৯৬-২২,৬১৬.২৫)= ৭,৪৯,০৭৯.৭৫ মাত্র আনুতোষিক মঞ্জুরীর জন্য আবেদন করেছেন। এ প্রেক্ষিতে জনাব মোঃ জাহাঙ্গীর, উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা-কে তার প্রাপ্য আনুতোষিকের অবশিষ্ট ২০% ভাগ এর টাকা ৭,৪৯,০৭৯.৭৫/- (সাত লক্ষ উনপঞ্চাশ হাজার উনআশি টাকা পঁচাত্তর পয়সা) টাকা মাত্র আনুতোষিক মঞ্জুরী দানের লক্ষ্যে নিম্নবর্ণিত সংশ্লিষ্ট কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো :

১।	মূল আবেদনপত্র -	:	১ (এক) কপি
২।	পেনশন পেপার -	:	২ (দুই) কপি
৩।	ছবি সত্যায়িত -	:	২ (দুই) কপি
৪।	নয়না স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ -	:	১ (এক) কপি
৫।	উত্তরাধিকার মনোনয়নপত্র -	:	১ (এক) কপি
৬।	সরকারি বাসা হস্তান্তরের প্রত্যয়নপত্র -	:	১ (এক) কপি
৭।	বিদ্যুৎ বিলের প্রত্যয়নপত্র -	:	১ (এক) কপি
৮।	সরকারি বাসা ব্যবহারের 'চূড়ান্ত না-দাবী' সনদপত্র - (তথ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত)	:	১ (এক) কপি

সংযুক্ত: যথাবর্ণিত।


  
নারায়ণ চন্দ্র শীল  
মহাপরিচালক  
ফোন : ৪৪৮১৩০৬২

নং ১৫.৫৩.০০০০.০১২.৩১.৮৩৮.১৭- ৬৮১

তারিখ : ৩১/০১/১৮

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৫। জনাব মোঃ জাহাঙ্গীর, সাবেক উপ-আঞ্চলিক প্রকৌশলী (অবসর ভোগরত), বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা। বর্তমান ঠিকানা : তমাখান হেরিটেজ, ফ্ল্যাট নং-৭/ই, ৭৬/১, গুলবাগ, মালিবাগ, ঢাকা।
- ৬। গার্ড ফাইল।

  
মোহাম্মদ হামিদুর রহমান  
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)  
মহাপরিচালকের পক্ষে